



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০১৬



খাদ্য অধিদপ্তর

১৬, আব্দুল গণি রোড, ঢাকা


২০১৬




মুখ বন্ধ


বর্তমান গণতান্ত্রিক সরকার স্বচ্ছতা ও জবাবদিহিতায় বিশ্বাসী। তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা সরকারের একটি লক্ষ্য। জনগণের সরকারী কার্যক্রমের তথ্য প্রাপ্তির অধিকার এর একটি অংশ। খাদ্য অধিদপ্তর সরকারি খাদ্য ব্যবস্থাপনার কাজ করে। খাদ্য অধিদপ্তরের দায়িত্ব হচ্ছে সরকারের খাদ্য নীতি ও কৌশল অনুযায়ী দেশের সার্বিক খাদ্য ব্যবস্থাপনা পরিচালনা করা, জাতীয় খাদ্য নীতির কলাকৌশল বাস্তবায়ন করা, নির্ভরযোগ্য জাতীয় খাদ্য নিরাপত্তা ব্যবস্থা প্রতিষ্ঠা করা, খাদ্যশস্যের নিরবিচ্ছিন্ন সরবরাহ ব্যবস্থা প্রতিষ্ঠা করা, খাদ্য খাতে বিভিন্ন প্রকার উন্নয়নমূলক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা, খাদ্যশস্য সংগ্রহ করা, সামাজিক নিরাপত্তা ও অন্যান্য বিতরণ খাতে খাদ্য সামগ্রী বিতরণ করা, খাদ্য সামগ্রীর বাজার দর স্থিতিশীল রাখা, গুনগত মানের পর্যাপ্ত খাদ্যশস্যের মজুদ ও সংরক্ষণ নিশ্চিত করা, খাদ্য বাজেট, হিসাব ও অর্থ, খাদ্য পরিকল্পনা, উৎপাদকগণের উৎপাদিত খাদ্যশস্যের ন্যূনতম সহায়ক মূল্য প্রদান করা এবং এ অধিদপ্তরের উপর অর্পিত খাদ্য বিষয়ে যে কোন জরুরী কার্যক্রম পরিচালনা করা।


সকল কার্যক্রমে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা খাদ্য অধিদপ্তর তার দায়িত্ব হিসেবে বিশ্বাস করে। মহান জাতীয় সংসদ এ লক্ষ্যে নাগরিকদের কাছে তথ্য প্রচার ও প্রকাশ সহজলভ্য করতে ইতোমধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ পাশ করেছে। এর কার্যক্রম বাস্তবায়নের জন্য সরকার তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এবং তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা, ২০১১ প্রণয়ন করেছে। এরই সাথে সজ্ঞাতি রেখে সরকারের খাদ্য বিভাগীয় কার্যক্রম প্রকাশ ও প্রচার করতে খাদ্য অধিদপ্তরের তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০১৬ প্রণয়ন করা হল।

আমি বিশ্বাস করি খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রকাশিত এই তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা' ২০১৬, খাদ্য অধিদপ্তর সম্পর্কিত তথ্যাদি প্রাপ্তি প্রক্রিয়া সহজ করবে ও খাদ্য বিভাগীয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনবে।


(ফয়েজ আহমদ)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা


২০/১১/১৬





সূচীপত্র

১। তথ্য অবমুক্তকরণ নির্দেশিকার পটভূমি ও প্রয়োজনীয়তা.....	১
২। নির্দেশিকার ভিত্তি	১
৩। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এ নির্দেশিকায়	২
৪। তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি	২
৫। তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা	৩
৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি	৪
৮। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	৫
৯। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি	৫
১০। তথ্যের জন্য আবেদন, তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা	৫
১১। তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধ	৬
১২। আপিল দায়ের ও নিষ্পত্তি	৭
১৩। তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান	৭
১৪. জন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি	৮
১৫. নির্দেশিকার সংশোধন	৮
১৬. নির্দেশিকার ব্যাখ্যা	৮
১৭। পরিশিষ্ট	৮

২৫/৭/২৬

